গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চিলমারী, কুড়িগ্রাম
www.chilmari.kurigram.gov.bd

# বিজ্ঞপ্তি

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৯.০০০.০৮.০২২.২৫- ১৭২৭ তারিখ : ২৮ আশ্বিন ১৪৩২
১৩ অক্টোবর ২০২৫

কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলার বেকার যুবক/যুব মহিলাদের কর্মসংস্থানের নিমিত্তে ২০ দিন ব্যাপী মোট ৬০ ঘণ্টার ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম উপজেলা প্রশাসন, চিলমারী, কুড়িগ্রাম কর্তৃক আয়োজন করা হয়েছে। আগ্রহী, দক্ষ ও মনযোগী প্রশিক্ষণার্থীদের নির্ধারিত ফর্মে আগামী ১৬ অক্টোবর, ২০২৫ তারিখ সকাল ১০.০০ হতে ২৮ অক্টোবর, ২০২৫ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে আবেদন উপজেলা আইসিটি অফিসার, উপজেলা আইসিটি অফিস (উপজেলা পরিষদ, ৪র্থ তলা), চিলমারী, কুড়িগ্রাম এর নিকট জমা করার জন্য অনুরোধ করা হচ্ছে।

কোর্সের নামঃ
১। ডিজিটাল মার্কেটিং

প্রশিক্ষণার্থীর যোগ্যতাঃ
১। ১৮-৩৫ বছর বয়সী বাংলাদেশের নাগরিক হতে হবে।
২। চিলমারী উপজেলার বর্তমান বাসিন্দা হতে হবে।
৩। এম এস ওয়ার্ড, এক্সেল, ফটোশপ, ইলাস্ট্রেটর ও কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
৪। নিজস্ব ল্যাপটপ আছে এমন প্রার্থী অগ্রাধিকার পাবে।
৫। ফ্রিল্যান্সিং এ আগ্রহী ও মনযোগী হতে হবে।
৬। উক্ত প্রশিক্ষণের জন্য কোন প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে না।

- প্রশিক্ষনার্থীদের এক্সপার্ট ফ্রিল্যান্সারদের তত্ত্বাবধানে প্রশিক্ষণের সুযোগ রয়েছে।
- বাংলাদেশের সেরা ফ্রিল্যান্সার কমিউনিটির সাথে বিভিন্ন প্লাটফর্মে কাজ করার সুযোগ থাকবে।
- প্রশিক্ষণ শেষে সনদপত্র প্রদান করা হবে।
- প্রশিক্ষণ শেষে ইভালিউয়েশন টেস্টে ভাল ফলাফলকৃত প্রশিক্ষণার্থীদের জন্য রয়েছে আকর্ষণীয় পুরস্কার।

** আবেদনকৃত প্রশিক্ষণার্থীদের নির্ধারিত তারিখ ও সময়ে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে উপজেলা ওয়েব পোর্টাল ও আইসিটি অধিদপ্তরের উপজেলা পোর্টালে জানিয়ে দেয়া হবে। পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের নিয়ে বিনামূল্যে এই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে।

বির্তারিত জানতে ভিজিট করুনঃ https://chilmari.kurigram.gov.bd এবং http://doict.chilmari.kurigram.gov.bd

(সবুজ কুমার বসাক)
উপজেলা নির্বাহী অফিসার
চিলমারী, কুড়িগ্রাম
ফোন- ০৫৮২৪৫৬০০৩
unochilmari@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:
০১। জেলা প্রশাসন, কুড়িগ্রাম
০২। উপজেলা ................................কর্মকর্তা, চিলমারী, কুড়িগ্রাম
০৩। উপজেলা আইসিটি অফিসার, চিলমারী, কুড়িগ্রামকে ওয়েব পোর্টাল এ আপলোড করার জন্য অনুরোধ করা হলো
০৪। চেয়ারম্যান,............................ (সকল) ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো
০৫। নোটিশ বোর্ড